মুজিবনগরে নির্বাচন পরবর্তী সহিংসতার ঘটনায় সংবাদ সম্মেলন

মুজিবনগরে নির্বাচন পরবর্তী সহিংসতার ঘটনায় সংবাদ সম্মেলন করেছে আনন্দবাস গ্রামের আহত সাবেক ইউপি সদস্য ফেরদৌস আলী মেনতা।
আজ শনিবার দুপুরে মুজিবনগর উপজেলার আনন্দবাস বাজারে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে ফেরদৌস আলী মেনতা তার বক্তব্যে বলেন, মেহেরপুর-১ আসনে আওয়ামী লীগের মনোনীত নৌকার প্রার্থী ফরহাদ হোসেন বিজয় লাভের পর আমরা স্থানীয় নেতাকর্মী এবং সমর্থকদের সাথে নিয়ে একটি আনন্দ শোভাযাত্রা শুরু করি।আনন্দ মিছিলটি স্বতন্ত্র প্রার্থী ট্রাক প্রতীকের সমর্থক মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাসের বাড়ির সামনে পৌঁছালে সেখানে পূর্ব পরিকল্পিত ভাবে অবস্থান নেয়ে তাদের কর্মীরা। আমরা মিছিলটি শান্তিপূর্ণ ভাবে সামনের দিকে এগিয়ে যাওয়ার কথা বলি। মিছিলের অধিকাংশ লোকজন চলে যাওয়ার পর জিয়া বিশ্বাস আমাকে ডেকে আমার গলা চেপে ধরে এসময় জয়নাল নামের একজন হাতুড়ি ও রড দিয়ে আমার মাথায় আঘাত করে। জিয়া বিশ্বাস ও তার ছেলে আমাকে কিলঘুষি মেরে মাটিতে ফেলে দিয়ে চলে যাওয়ার পর তাদের ঘরের ছাদের উপর থেকে মিছিলে অংশ নেওয়া আমাদের কর্মী সমর্থকদের উদ্দেশ্য করে বৃষ্টির মত ইট পাটকেল ছুড়তে থাকেন। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে পুলিশ ফায়ার করে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। এসময় মিছিলে অংশ নেয়া অসংখ্য কর্মী জখম হয়। এখনও আমাদের লোকজন চিকিৎসাধীন আছে। পরিকল্পিত ভাবে এই সহিংসতার সুষ্ঠু তদন্তের মাধ্যমে আইনি ব্যবস্থা গ্রহণের দাবি জানান তিনি।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুত কমিটির সদস্য সচিব আইয়ুব হোসেনসহ আনন্দবাস গ্রামের আওয়ামী লীগের নেতা কর্মীবৃন্দরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা

মউকের উদ্দ্যগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা সংগঠিত হয়। আজ শনিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আজিমুল বারি মুকুলের সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আজিমুল বারী মুকুল, ইউপি সদস্য রাসেল আহাম্মেদ,বিশিষ্ঠ ব্যবসায়ী জাকরিয়া হাবিব লাল্টু, বিশিষ্ঠ রাজনৈতিক ব্যাক্তি জিয়াউর রহমান, সাবেক ইউপি সদস্য মরিয়ম খাতুন সহ আরো অনেকে।

সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।

সভায় মেহেরপুর জেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আখতার ও মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের বার্ষিক সাধারণ সভা

অনুষ্ঠিত

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের জন্য নিজস্ব জমিতে ভবন নির্মাণের পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে বলে জানিয়েছেন ব্যাংকটির ব্যবস্থাপনা কমিটির সভাপতি নুরুল ইসলাম।

শনিবার (১৩ জানুয়ারি) মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের কার্যালয়ে অনুষ্ঠিত ব্যাংকটির ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক সাধারণ সভায় তিনি এ কথা জানান। তিনি বলেন, ব্যাংকের ভবন নির্মাণের ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি ও প্রক্রিয়া শুরু হয়েছে। আশা করছি দ্রুত কাজ শুরু করতে পারবো।

বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন নুরুল ইসলাম। গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সহ-সভাপতি অ্যাডভোকেট কাজী শহিদুল হক, সাবেক সভাপতি অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক আব্দুল মজিদ, সাবেক সহসভাপতি তোজাম্মেল হক, মেহেরপুর সদর উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান, সমবায় ব্যাংকের ভারপ্রাপ্ত কর্মকর্তা নুরুজ্জামানসহ সমবায় বৃন্দ।

শনিবার বেলা ১১ টায় বার্ষিক সাধারণ সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। অতঃপর মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেনকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রী করাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও জনপ্রশাসন মন্ত্রীকে অভিনন্দন জানিয়ে একটি প্রস্তাব পাস করা হয়।

১৯১৯ সালে প্রতিষ্ঠিত (নিবন্ধন নম্বর-১৬) মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ৩৫ টি সদস্য সমিতির মধ্যে ২০ টি সদস্য সমিতির প্রতিনিধিগণ এই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলেন। ব্যাংকটির ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ নুরুজ্জামান বার্ষিক কার্যক্রমের রিপোর্ট পাঠ করেন। এ সময় সর্ব-সম্মতিক্রমে কয়েকটি উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়। অতঃপর মধ্যাহ্নভোজের মধ্য দিয়ে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে শাহজালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের সিএসআর কার্যক্রমের অংশ হিসেবে মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এতিমখানার এতিম ও দুস্থ অসহায় শিশু এবং সহায়-সম্বলহীন শীতার্থ মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শনিবার (১৩ জানুয়ারি) বেলা ১১ টার দিকে শাহজালাল ইসলামী ব্যাংক মেহেরপুর জেলা শাখায় এ শীতবস্ত্র বিতরণ করা হয়। শাখা ব্যবস্থাপক মীর তৌহিদ আহম্মেদের নেতৃত্বে মোট ২ শত এতিম ও দুস্থ অসহায় শিশু এবং শীতার্থ মানুষদের মাঝে কম্বল বিতরন করা হয়।

জামিউল কুরআন মডেল মাদ্রাসা ও হিফজখানার ২৫ জন,বারাদি মদিনাতুল উলুম করমিয়া মাদ্রাসার ২০ জন,শিশিরপাড়া নূরানী হাফেজী মাদ্রাসা এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং এর ২০ জন এতিম ও অসহায় শিশু এবং বাকি ১৩৫ টি কম্বল সহায়-সম্বলহীন শীতার্তদের মাঝে বিতরণ করা হয়।

এসময় ব্যাংকের সহকারী ব্যবস্থাপক ফারুক হোসেনসহ বিশিষ্ট ব্যবসায়ী,এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ,মাদ্রাসা ও এতিমখানার শিক্ষকবৃন্দ এবং ব্যাংকের অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ফরহাদ হোসেনকে জনপ্রশাসন মন্ত্রী করায় মেহেরপুরে আনন্দ র্যালি

মেহেরপুর-১ আসনে ফরহাদ হোসেন এমপি কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রীর দায়িত্ব অর্পণ করার মাননীয় প্রধানমন্ত্রীকে

কৃতজ্ঞতা ও অভিনন্দন জানিয়ে আনন্দ র্যালি করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

আজ শুক্রবার বিকেলে মেহেরপুরের শহীদ ড. শামসুজ্জোহা পার্ক থেকে আনন্দ র্যালি বের হয়ে মেহেরপুরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষীন শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের সভাপতিত্বে আনন্দ র্যালিতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেহেরপুর সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রওশন আলী টোকন, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজামান, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কাজী শহিদুল হক, কুতুপুর ইউনিয়ন আওয়ামী লীগের সম্পাদক বাবুল আক্তার, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আলমগীর হোসেন সহ মেহেরপুর জেলা আওয়ামী লীগ, যুবলীগ ছাত্রলীগ, যুব মহিলা লীগ, ছাত্রলীগের বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

ফরহাদ হোসেন জনপ্রশাসন মন্ত্রী হওয়ায় মুজিবনগরে আনন্দ মিছিল

মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন নবগঠিত মন্ত্রিসভায় জনপ্রশাসন মন্ত্রী হওয়ায় মুজিবনগরে আনন্দ মিছিল করেছে নেতা-কর্মীরা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

হোসেন

দ্বাদশ জাতীয় সংসদের জন্য ৩৬ সদস্যের নতুন মন্ত্রিসভা গঠন করা হয়েছে। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পেয়েছেন ফরহাদ হোসেন। এর আগে তিনি একই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ছিলেন।

মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনের সংসদ সদস্য নির্বাচিত হন ফরহাদ হোসেন। টানা তৃতীয়বারের মতো আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেন তিনি।

ফরহাদ হোসেন ১৯৭২ সালের ৫ জুন মেহেরপুর জেলার মেহেরপুর সদর উপজেলার বোসপাড়া এলাকায় জন্মগ্রহণ করেন। তার বাবা ছহিউদ্দীন বিশ্বাস বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর, মেহেরপুর জেলা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি ও বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের অন্যতম প্রধান সংগঠক ছিলেন। তিনি তৎকালীন কুষ্টিয়া-৫ ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ছিলেন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য ২০২২ সালে ছহিউদ্দিনকে মরণোত্তর স্বাধীনতা পুরস্কারে ভূষিত করা হয়।

ফরহাদ হোসেন বিএল কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অধ্যয়ন করেন। তিনি মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি। ২০১৪ সালে নৌকা প্রতীক নিয়ে মেহেরপুর-১ আসনে জয়লাভ করেন। পরে ২০১৮ সালে জয়লাভ করলে বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন তিনি। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনেও তিনি আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে নির্বাচনে অংশ নিয়ে বিজয়ী হন।

সম্পদের জন্য দাফনের সাত বছর পর আবার খনন হলো কবর

মৃত যুবকের নামে থাকা সম্পত্তির মালিকানা নির্ধারণ করতে করব থেকে তোলা হলো লাশ। ডিএনএ টেস্টের মাধ্যমে পরিচয় নিশ্চিত হতে এ আদেশ দেন আদালত। ঘটনাটি মেহেরপুরের গাংনী উপজেলার পূর্ব মালশাদহ

গ্রামের।

মৃত্যুর সাত বছর পর বৃহস্পতিবার (১১ জানুয়ারি) দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার পূর্বমালসাদহ গ্রামের কবরস্থান থেকে মরদেহের নমুনা সংগ্রহ করা হয়।

আদালতের আদেশ পালনে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম, সিভিল সার্জনের প্রতিনিধি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও আব্দুল আল মারুফ ও গাংনী থানার এসআই জহির রায়হান মামলার বাদী ও বিবাদীদের উপস্থিতিতে মরদেহের নমুনা সংগ্রহ করেন।

জানা গেছে, পূর্বমালসাদহ গ্রামের মিজানুর রহমান খোকনের ছেলে আল কবিরকে নিঃসন্তান দম্পতি জুগিরগোফা গ্রামের আব্দুল লতিফ-হাজেরা খাতুন নিজের সন্তানের মতই লালন-পালন করেছেন। তাদের নামীয় ১৩ বিঘা জমি আল কবিরের নামে রেজিস্ট্রি করে দিয়েছিলেন। ২০১৬ সালের ১৭ নভেম্বর বিদ্যুৎস্পৃষ্টে আল কবিরের মৃত্যু হয়। পরের বছর তার পালিত পিতা আব্দুল লতিফ মারা যান। তখন আল কবিরের নামীয় সম্পত্তি দখল করে নেয় আব্দুল লতিফের ভাইসহ অন্যান্য শরিকরা। এ নিয়ে আল কবিরের পিতা মিজানুর রহমান খোকন আদালতে মামলা দায়ের করেন।

মামলায় মিজানুর রহমান খোকন দাবী করেন আল কবির তার ঔরষজাত সন্তান। অন্যদিকে আব্দুল লতিফ দাবী করে আল কবির আব্দুল লতিফের ঔরষজাত সন্তান। ফলে আল কবিরের সম্পত্তির মালিক কে হবেন তা নিয়ে প্রশ্ন দেখা দেয়। এর প্রেক্ষিতে মেহেরপুর যুগ্ম জেলা জজ ২য় আদালতের বিজ্ঞ বিচারক আল কবিরের মরদেহের নমুনা সংগ্রহ করে ডিএনএ পরীক্ষার আদেশ দেন।

মন্ত্রিসভার শপথ নিতে ফোন পেলেন ফরহাদ হোসেন

নতুন মন্ত্রিসভায় শপথ নেওয়ার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে অনেকেই ইতিমধ্যে ফোন পেয়েছেন তার ভিতরে ফোন পেয়েছেন মেহেরপুর ১

আসনের সংসদ সদস্য ও জনপ্রসাশন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

আজ বুধবার (১০ জানুয়ারি) রাতে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব মো. মাহবুব হোসেন ফোন দেওয়ার বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেন।

মো. মাহবুব হোসেন বলেন, প্রধানমন্ত্রীসহ ২৫ পূর্ণমন্ত্রী ও ১১ জন প্রতিমন্ত্রী তালিকা পেয়েছি। তাদেরকে ফোনে অভিনন্দন জানিয়েছি এবং আগামীকাল সন্ধ্যা ৭টায় শপথগ্রহণ অনুষ্ঠানে থাকার জন্য বলেছি।

এছাড়াও নতুন মন্ত্রীদের আগামীকাল বৃহস্পতিবার (১১ জানুয়ারি) সন্ধ্যায় গণভবনে শপথ বাক্য পাঠ করাবেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন।

উল্লেখ্য, মেহেরপুর ১ আসনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী নৌকা প্রতীক নিয়ে ৯৪৩০৩ ভোট পেয়ে তৃতীয়বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন তিনি।

তবে নতুন মন্ত্রণালয়ে তাদের কি পদ দেওয়া হবে তা পূর্ণাঙ্গভাবে জানা যাবে দপ্তর বণ্টনের পর।